ভোরের কাগজ

376

তারিখ APR 9 1999
পৃষ্ঠা ১২ কলাম ৪

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে আরো দুটি আবাসিক হল নির্মাণ করা হচ্ছে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ে আরো দুটি আবাসিক হল নির্মাণ করা হচ্ছে। নিমতলী পুরাতন জাদুঘর সংলগ্ন জমিতে ছাত্রদের এবং বাংলাদেশ-কুয়েত মৈত্রী হল সংলগ্ন জমিতে ছাত্রীদের জন্য হল নির্মাণের কাজ আগামী ১ মাসের মধ্যে শুরু হচ্ছে। এ ব্যাপারে সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন হয়েছে বলে জানা গেছে।

হল দুটি নির্মাণের ফলে ১ হাজার ছাত্রছাত্রীর আবাসিক সমস্যার সমাধান হবে। বর্তমানে বিশ্ববিদ্যালয়ের ২৮ হাজার ছাত্রছাত্রীর মধ্যে প্রতি তিনজনে একজন আবাসিক সুবিধা পায়। কোটি টাকা ব্যয়ে নির্মিয়মান এ হল দুটিতে প্রতি ফ্লোরে ছাত্রছাত্রীদের রান্নার জন্য কিচেন সুবিধা থাকবে।